দৈনিক সংবাদ

29 NOV 1996
পৃঃ ৭ কলাম ৮

বুয়েট

# ক্লাস শুরু হবে ১৭ই ডিসেম্বর ।। শিক্ষকরা ছুটি নেবেন না

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সব লেভেলের ক্লাস আগামী ১৭ই ডিসেম্বর থেকে শুরু হবে। শিক্ষা কার্যক্রমের ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য শিক্ষকগণ শীতকালীন ছুটি ও রমজানের ছুটি নেবেন না বলে সিদ্ধান্ত নিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য ডঃ ইকবাল মাহমুদের উপস্থিতিতে বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, হল প্রভোস্ট এবং প্রধান অফিস কর্মকর্তাদের নিয়ে এক সাধারণ সভায় আগামী ১৭ই ডিসেম্বর থেকে ক্লাস শুরু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

নতুন বর্ষের ছাত্রছাত্রীদেরকে আগামী ১০ই ডিসেম্বর বিভিন্ন হলসমূহে রিপোর্ট করতে হবে। ১১ই ডিসেম্বর বিকেল ৩টায় নবাগত শিক্ষার্থীরা স্ব-স্ব বিভাগের শিক্ষকদের সাথে শুভেচ্ছা বিনিময় করবেন।

বুয়েট ঃ পৃঃ ৭ কঃ ৩

## বুয়েট ঃ ১৭ই ডিসেম্বর ক্লাস

(১ম পৃষ্ঠার পর)

নতুন শিক্ষাবর্ষসহ সকল লেভেলের ছাত্রছাত্রীদের রেজিস্ট্রেশন আগামী ১১ই নভেম্বর হতে শুরু হবে।

স্থাপত্য বিভাগ শেষ বর্ষের পরীক্ষার সময়সূচি আগামী ১লা ডিসেম্বর ঘোষণা করা হবে।

গতকাল বৃহস্পতিবার শিক্ষক সমিতির সাধারণ সভা শিক্ষকদের কর্মবিরতির কর্মসূচি প্রত্যাহার করেছে। ডঃ মোঃ আবদুর রাজ্জাক আকন্দ সভায় সভাপতিত্ব করেন।